



নির্বাচন বিলম্বিত করতেই পিআর আন্দোলনের নাটক সাজানো হচ্ছে: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, নির্বাচন বিলম্বিত করার উদ্দেশ্যেই পিআর পদ্ধতির নামে আন্দোলন চালানো হচ্ছে। তিনি বলেন, ঘোষিত সময়েই নির্বাচন হবে এবং জনগণ শান্তিপূর্ণভাবে দক্ষ নেতৃত্বকে বেছে নেবে।

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর অভিযোগ করেছেন, নির্বাচনকে বিলম্বিত করার ষড়যন্ত্র চলছে পিআর (প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন) পদ্ধতির নামে আন্দোলনের আড়ালে। দেশের মানুষ কখনো চাপিয়ে দেওয়া কোনো প্রক্রিয়া মেনে নেয়নি বলেও মন্তব্য করেন তিনি।

রোববার (১২ অক্টোবর) সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) এক স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে মির্জা ফখরুল বলেন, “ঘোষিত সময়েই নির্বাচন অনুষ্ঠিত হবে। সামনে আমাদের জন্য একটি কঠিন পরীক্ষা অপেক্ষা করছে। শান্তিপূর্ণ ভোটের মাধ্যমে জনগণ তাদের বিশ্বাসযোগ্য ও দক্ষ নেতৃত্বকে নির্বাচিত করবে।”

তিনি সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারকারীদের সতর্ক করে বলেন, “যে কোনো তথ্যের আগে সত্যতা যাচাই করা জরুরি, কারণ বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা চলছে।”

বিএনপি মহাসচিব আরও জানান, সংস্কার কমিশনের অধিকাংশ প্রস্তাব ইতিমধ্যে বিএনপির ৩১ দফা দাবির মধ্যেই অন্তর্ভুক্ত রয়েছে। যেখানে মতভিন্নতা আছে, সেসব বিষয়ে দলগুলো ইশতেহারে যুক্ত করে জনগণের কাছে যাওয়ার আহ্বান জানান তিনি।